রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০২১.২১-৬০২

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব সুমন সিংহ, নির্বাহী প্রকৌশলী (সওজ), দোহাজারী সড়ক বিভাগ, চট্টগ্রাম গত ৩১-০৭-২০১৯ তারিখ থেকে দোহাজারী সড়ক বিভাগের আওতায় বাস্তবায়নাধীন "চট্টগ্রাম জেলার জরাজীর্ণ ও সংকীর্ণ কালারপোল-ওহিদিয়া সেতুর স্থলে ১৮০.৩৭৩ মিটার সেতু নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত আছেন;

এবং

যেহেতু, "চট্টগ্রাম জেলার জরাজীর্ণ ও সংকীর্ণ কালারপোল-ওহিদিয়া সেতুর স্থলে ১৮০.৩৭৩ মিটার সেতু নির্মাণ" শীর্ষক প্রকল্পের কাজ চলাকালে গত ২৫-০৬-২০২১ তারিখে ৩নং গার্ডার বেয়ারিং প্যাডের উপর বসানোর সময় উজানের দিকে কাত হয়ে Domino Effect অনুযায়ী উজানে থাকা ২নং গার্ডারের উপরে পড়ে এবং উভয় গার্ডার কাত হয়ে উজানের ১নং গার্ডারের উপরে পড়ে ফলে তিনটি গার্ডারই নদী গর্ভে পতিত হয়। গার্ডারগুলি নদীতে পড়ার সময়ে P1 এবং P2 উভয় পিয়ারের পিয়ার ক্যাপ এবং পিয়ার পাইল ক্যাপের কংক্রিট ক্ষতিগ্রস্ত হয়। একই সময়ে উক্ত স্পেনের নিচে থাকা স্কেফোল্ডিং এর অধিকাংশ গার্ডারের নিচে পড়ে নদী গর্ভে তলিয়ে যায় ফলে উক্ত স্পেন বরাবর নদী গর্ভে Navigational Hazard তৈরী হয়েছে;

এবং

যেহেতু, উক্ত দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে গত ২৭-০৬-২০২১ তারিখে এ বিভাগের মনিটরিং টিম কর্তৃক সরেজমিনে দুর্ঘটনাস্থল পরিদর্শন করে দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে প্রকল্প পরিচালক হিসেবে সুপারভিশনে জনাব সুমন সিংহ এর পদ্ধতিগত ত্রুটি ও ঘাটতি রয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদনের আলোকে দেখা যায় দুর্ঘটনাকালে উজান থেকে ১ এবং ২নং গার্ডার কাস্টিং, স্ট্রেসিং এবং শিফ্টিং এর পরে বেয়ারিং প্যাডের উপরে বসানো হয়েছিল এবং ক্রস গার্ডারের রড প্লেস করার পরে সাইড শাটার লাগানোর কাজ চলছিল বলে জানা যায়। তদুপরি গার্ডারদ্বয় MS Pipe, Rod, Angle প্রভৃতি দিয়ে ওয়েল্ডিং করে আটকানো ছিল বলে ঠিকাদারের প্রতিনিধি জানান। একইভাবে উজান থেকে ৫নং গার্ডার কাস্টিং, স্ট্রেসিং এবং শিফ্টিং এর পরে বেয়ারিং প্যাডের উপরে বসানো ছিল এবং গার্ডারটি MS Pipe, Rod, Angle প্রভৃতি দিয়ে ওয়েল্ডিং করে আটকানো ছিল। শুধুমাত্র উজান থেকে ৩ ও ৪নং গার্ডারদ্বয় কাস্টিং ও স্ট্রেসিং করা ছিল কিন্তু শিফ্টিং করা হয়নি বিধায় MS Pipe, Rod, Angle প্রভৃতি দিয়ে ওয়েল্ডিং করে আটকানো ছিল না বলে জানা যায়, যা দুর্ঘটনার পূর্বে তোলা ছবি হতে প্রতীয়মান হয়;

এবং

যেহেতু, উক্ত প্রকল্পের ডিজাইন প্রণয়নের সময় তার সক্রিয় অংশগ্রহণ ছিল এবং সেতুর ডিজাইনটি ২০১২ সালে অনুমোদিত হলেও উহার বাস্তবায়ন কার্যক্রম ২০১৭ সালে শুরু করা হয়। তদন্ত প্রতিবেদন অনুযায়ী নির্মাণাধীন সেতুর সেন্ট্রাল লাইনে এলাইনমেন্ট চট্টগ্রাম প্রান্তে ভাটির দিকে বাঁকানো/ত্রুটি পরিলক্ষিত হওয়ার বিষয়টি তিনি যথাসময়ে কর্তৃপক্ষের নজরে আনেননি। এমনকি তার গৃহীত কার্যক্রমের তথ্য সন্নিবেশিত কোনো Quality Assurance Plan পাওয়া যায়নি। এতে কর্তব্য কাজে তার চরম গাফিলতি পরিলক্ষিত হয়;

এবং

যেহেতু, প্রকল্পের কাজ ঠিকাদার সরাসরি নিজস্ব জনবল দ্বারা সম্পন্ন না করে শুরুতেই সাব-কন্ট্রাক্টর নিয়োগে দীর্ঘ সময় অতিবাহিত করে নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হয়েছেন। উক্ত সাব-কন্ট্রাক্টর নিয়োগ করে বর্ণিত প্রকল্পের ঠিকাদার তার সাথে সম্পাদিত চুক্তি ভঙ্গ করেছে। এক্ষেত্রে প্রকল্প পরিচালক হিসেবে তিনি ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে নির্লিপ্ত ছিলেন। এতে প্রকল্পের কাজে দায়িত্ব পালনে যথাযথভাবে মনোনিবেশ করেননি মর্মে প্রতীয়মান হয়;

এবং

যেহেতু, সেতুর গার্ডার শিফটিং এর সময়ে জ্যাকের মুভমেন্টের synchronization না হলে গার্ডারটি unstable হয়ে পড়ে তাই গার্ডার শিফটিং এর কাজটি যথাযথ সতর্কতার সাথে অভিজ্ঞ জনবলের মাধ্যমে সম্পন্ন করা উচিৎ ছিল। এক্ষেত্রে তার সুস্পষ্ট তদারকি না থাকায় নিয়োগকৃত ঠিকাদার অনভিজ্ঞ জনবলের মাধ্যমে কাজটি সম্পন্ন করায় এ ধরণের দুর্ঘটনা ঘটে বলে নিশ্চিতভাবে অনুমিত হয়;

এবং

যেহেতু, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সত্ত্বেও গত ২৫-০৬-২০২১ তারিখ পর্যন্ত গড় ভৌত অগ্রগতি ৮৫% এবং আর্থিক অগ্রগতি মাত্র ৭৯%। অর্থাৎ দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরেও প্রকল্পের নিম্ন অগ্রগতি (Low Progress) পরিলক্ষিত হয়েছে;

অঃপৃঃদ্রঃ-

এবং

যেহেতু, তিনি প্রকল্প পরিচালক হিসেবে প্রকল্পের কাজের ঘনঘন মেয়াদ বৃদ্ধি, প্রকল্পের ধীর অগ্রগতি এবং দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার কর্তৃক কর্মপরিকল্পনা (Work Plan) অনুযায়ী কর্ম আদায়ের জন্য যথাযথ তদারকি না করে দায়িত্ব এড়িয়ে চলেছেন;

এবং

যেহেতু, প্রকল্পের বর্ধিত মেয়াদ ৩০ জুন, ২০২১ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল এবং দুর্ঘটনাটি মাত্র ০৫ দিন পূর্বে ঘটে তাই কাজের অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, নির্ধারিত তারিখে প্রকল্পের কাজ কোনোক্রমেই সম্পন্ন করা সম্ভব ছিল না যা তার পেশাগত দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলার পরিচায়ক;

এবং

যেহেতু, তার এহেন কার্যকলাপ চাকুরী শৃঙ্খলার পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৬/২০২১ রুজু করা হয়;

এবং

যেহেতু, জনাব সুমন সিংহ গত ০৫-০৯-২০২১ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং এতদবিষয়ে গত ১১-১০-২০২১ তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

এবং

যেহেতু, এতদসংক্রান্ত তদন্ত প্রতিবেদনের কতিপয় বিষয়াদি স্পষ্টীকরণের লক্ষ্যে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ) চট্টগ্রাম জোন-কে গত ০৩-১১-২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২১.২১-৩০১ সংখ্যক স্মারকে পত্র দেয়া হয়। তার থেকে প্রাপ্ত ২২-১১-২০২১ তারিখের ৩৫.০১.১৫২৮.০১১.১৬.১৮৬.২১-২৩৫৭ সংখ্যক স্মারকের জবাব/তথ্যাদি, জনাব সুমন সিংহ এর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে এ ধরণের কাজে অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়;

এবং

সেহেতু, এক্ষণে জনাব সুমন সিংহ, নির্বাহী প্রকৌশলী (সওজ), দোহাজারী সড়ক বিভাগ, চট্টগ্রাম-কে দায়িত্ব পালনে আরও সতর্ক থাকবেন এ পরামর্শসহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মতে "অসদাচরণ"(Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় (মামলা নং ০৬/২০২১) এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।

(স্বাক্ষরিত) ০২/১২/২০২১

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০২১.২১-৬৬২/১(১৬)

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা ঢাকা
০৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৭. অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), চট্টগ্রাম জোন, চট্টগ্রাম
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তাঁর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১২. জনাব সুমন সিংহ, নির্বাহী প্রকৌশলী (সওজ), দোহাজারী সড়ক বিভাগ, চট্টগ্রাম
১৩. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৬. অফিস কপি

(স্বাক্ষরিত) ০২/১২/২০২১

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪